ডিআইজি প্রিজন্স এর কার্যালয়
সিলেট বিভাগ, জেল রোড, সিলেট।
ডকেট নং ২৭৩৭ তাং ৩০/১০/২৫
ডিআইজি প্রিজন্স
স্টেনো/উচ্চঃ সহঃ/অফিস সহঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২৫- ১৮২৬

তারিখঃ ১৪ কার্তিক ১৪৩২
৩০ অক্টোবর ২০২৫

**বিষয়ঃ নভেম্বর/২০২৫ মাসকে "ICT awareness" মাস হিসেবে উদযাপন প্রসঙ্গে।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে আইসিটি বিষয়ে সচেতনতা ও ডিজিটাল নিরাপত্তা বাড়ানোর জন্য নভেম্বর/২০২৫ মাসকে আইসিটি **ICT awareness** মাস হিসেবে পালনের জন্য নিম্ন লিখিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

**১. প্রশিক্ষণ ও কর্মশালাঃ**
- নিজ নিজ দপ্তরে বা বিভাগীয় ভাবে আইসিটি সচেতনতামূলক প্রশিক্ষণ বা কর্মশালা বাস্তবায়ন করা।

**২. স্টাফ ডাটাবেজ হালনাগাদ করাঃ**
- প্রতিটি বিভাগীয় দপ্তর, কেন্দ্রীয়/জেলা কারাগারের সকল স্টাফদের ডাটাবেজ এ প্রদত্ত তথ্যের ভুল সংশোধন এবং তা হালনাগাদ করা।
- অফিসের গুরুত্বপূর্ণ ডাটা/তথ্য নিরাপদে রাখা। ব্যক্তিগত এবং অফিসিয়াল তথ্যের মধ্যে পার্থক্য করা।

**৩. পাসওয়ার্ড হালনাগাদ করাঃ**
- ই-মেইল, ইএফটি, কারাগারের ফেসবুক পেইজ, ই-জিপি ইত্যাদির পাসওয়ার্ড কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন ও সংরক্ষণ করা এবং উক্ত নিরাপত্তামূলক পাসওয়ার্ড প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর পরিবর্তন করা।

**৪. সোস্যাল মিডিয়া ব্যবহারঃ**
- সাইবার সুরক্ষা আইন বিষয়ে সকল স্টাফকে অবগত করা এবং সোসাল মিডিয়া ব্যবহারে ইতোপূর্বে প্রণীত নীতিমালা অনুসরণ করা। ফেসবুকে আপত্তিকর মন্তব্য না করা, মিথ্যা অপপ্রচার, গুজব থেকে দুরে থাকা এবং ফেইক একাউন্ট/ফেসবুক পেইজ না চালানো, ইউনিফর্ম পরিহিত অবস্থায় বা অস্ত্র প্রদর্শন করে ছবি সোস্যাল মিডিয়ায় না দেওয়ার বিষেয়ে সকলকে সচেতন করা।

**৫. ডিভাইসের সুরক্ষা ও ব্যবহারঃ**
- আইসিটি ডিভাইস যেমন ল্যাপটপ, ডেস্কটপ, পেনড্রাইভ ইত্যাদি ভাইরাস মুক্ত ভাবে ব্যবহারে প্রশিক্ষণ প্রদান করা এবং ডাটা সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা।

**৬. ব্যানার প্রদর্শনঃ**
- কারাগারের বিভিন্ন স্থানে আইসটি সচেতনতা মূলক ব্যানার প্রদর্শন করা।

**৭. সিসিটিভি ও ডিজিটাল এ্যাটেনডেন্স এর ব্যবহারঃ**
- কারাগারের প্রতিটি সিসিটিভি ক্যামেরা ও ডিভিআর(DVR) যাচাই করা, নষ্ট অকেজো ক্যামেরা মেরামত করা, ক্যামেরার এ্যালাইনমেন্ট ঠিক করা এবং সকল স্টাফদের ডিজিটাল এ্যাটেনডেন্স হাজিরা প্রক্রিয়া নিশ্চিত করা।

**৮. স্প্যাম (Spam) ফোন কলঃ**
- বিভিন্ন সময়ে অচেনা নাম্বার থেকে ভিন্ন ভিন্ন নাম ও ছবি ব্যবহার করে উর্ধ্বতন কারা কর্মকর্তা বা মন্ত্রণালয়ের কর্মকর্তা পরিচয় দিয়ে ফোন কল আসে এবং বিভিন্ন সুপারিশ ও অনৈতিক সুবিধা দাবি করে। এছাড়াও বন্দিদের আত্মীয়-স্বজনদের কাছে কারা কর্মকর্তা/কর্মচারী পরিচয় দিয়ে মিথ্যা তথ্য/ভয় ভীতি দেখিয়ে অর্থ দাবি করে থাকে। সে ক্ষেত্রে স্প্যাম (Spam) ফোন কলের বিষয়ে সকলকে সচেতন করা।

সকল কর্মকর্তা-কর্মচারীকে উল্লিখিত নির্দেশনা পালনের মাধ্যমে নভেম্বর/২০২৫ মাসকে ICT Awareness মাস হিসেবে উদযাপনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩০/১০/২০২৫
মোঃ জাহাঙ্গীর কবির
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

CamScanner

ডিআইজি প্রিজন্স এর কার্যালয়
সিলেট বিভাগ, জেল রোড,সিলেট।
ডকেট নং ২৯৯৫ তাং ০৫/১১/২৫
ডিআইজি প্রিজন্স
স্টেনো/উচ্চঃ সহঃ/অফিস সহঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০৪৩.০৩.০১০.২০২৫- ৩২৪

তারিখঃ ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** নভেম্বর ২০২৫ মাসকে “ICT awareness” মাস হিসেবে উদযাপন উপলক্ষে কারা অধিদপ্তর, আইসিটি সেল কর্তৃক গৃহীত কর্মসূচী।

সূত্রঃ কারা অধিদপ্তরের পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২০২৫-১৮২৩, তারিখ- ৩০.১০.২০২৫।

সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নভেম্বর-২০২৫ মাসকে “ICT awareness” মাস হিসেবে উদযাপন উপলক্ষে কারা অধিদপ্তর কর্তৃক গৃহীত নিম্নের কর্মসূচী প্রতিপালন করতঃ যথাসময়ে সমাপণী প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। স্লোগান- **“প্রযুক্তির আলোয় কাটুক আধার, কারাগার হবে সংশোধনাগার”** উক্ত স্লোগান PopUp আকারে সংশ্লিষ্ট ব্যানার কারা অধিদপ্তরের ওয়েব পোর্টালের ন্যায় দপ্তর/কারাগারের স্ব স্ব ওয়েব সাইটে প্রদর্শন করানো।

| কার্যক্রম | শুরু তারিখ | সমাপ্তি তারিখ | প্রতিবেদন প্রেরণের তারিখ |
|---|---|---|---|
| **ব্যানার/ফেস্টুনে সাজসজ্জাকরণ-** কারাগার/ ভবনের দর্শণীয় স্থানে, প্রধান ফটকে আইসিটি বিষয়ক সচেতনতামূলক ব্যানার/ ফেস্টুন দিয়ে সজ্জিত করণ; | মাসব্যপী | | ৩০.১১.২০২৫ |
| **প্রশিক্ষণঃ** দপ্তর/কারাগারে কর্মরত স্টাফদের মাঝে আইসিটি বিষয়ক (সামজিক যোগাযোগ মাধ্যম, বিভিন্ন অনলাইন প্লাটফরম, কারাগারের তথ্য প্রযুক্তি বিষয় যেসকল সিস্টেম চলমান) কর্মশালার আয়োজন করা; | ০৯.১১.২০২৫ | ১২.১১.২০২৫ | ১৩.১১.২০২৫ |
| **ওয়েব পোর্টাল হালনাগাদ-** জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ যথাযতভাবে যাচাইকরণ; বিশেষ করে ওয়েব সাইটে (ক) কর্মকর্তাদের নাম, পদবী, ছবি, মোবাইল নাম্বার যাচাইকরণ (খ) তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য (গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য (ঘ) যোগাযোগের ঠিকানা ইত্যাদি নিশ্চিত করণ; | ১৩.১১.২০২৫ | ১৬.১১.২০২৫ | ১৭.১১.২০২৫ |
| **স্টাফ ডাটাবেজ হালনাগাদ-** দপ্তর/কারাগারে কর্মরত স্টাফের তথ্য অনুযায়ী স্টাফ ডাটাবেজ এবং মাস্টাররোল কর্মরতদের তালিকা হালনাগাদকরণসহ আপডেট তথ্য আইসিটি সেলে প্রেরণ করতে হবে; | ১৭.১১.২০২৫ | ১৯.১১.২০২৫ | ২০.১১.২০২৫ |
| **পিসি রিপোর্ট-** কারাগারে পিসি ও ক্যান্টিনের দৈনিক হিসাব নিয়মিত যথাযথভাবে পিসি রিপোর্ট সফটওয়্যারে প্রদান; | ২০.১১.২০২৫ | ২১.১১.২০২৫ | ২২.১১.২০২৫ |
| **অনলাইন হাজিরা ডিভাইজ-** স্টাফ ডাটাবেজের সাথে মিল রেখে কর্মরত স্টাফদের নিয়মিত অনলাইন ডিভাইজে হাজিরা প্রদান নিশ্চিত করণ; উল্লেখ্য দৈনিক রোলকলের পূর্বে একবার এ্যাটেনডেন্স ডিভাইসের বায়োমেট্রিকে হাজিরা নিশ্চিতকরণ; এছাড়াও মাস্টাররোল কর্মরতদের হাজিরা দিতে হবে। | ২২.১১.২০২৫ | ২৪.১১.২০২৫ | ২৫.১১.২০২৫ |
| **ল্যান্ড বিষয়ক তথ্য-** কারাগারের অনলাইন সফটওয়্যার ভিত্তিক কারাগারে ভিতর ও বাহিরে জমির, স্থাপনাসমূহের প্রদানকৃত তথ্য যাচাইসহ আপডেট নিশ্চিত করণ; | ২৫.১১.২০২৫ | ২৭.১১.২০২৫ | ২৮.১১.২০২৫ |
| **হসপিটাল ভর্তিরত বন্দীর তথ্য-** কারাগারে অসুস্থ হাসপাতালে ভর্তিরত বন্দীর তথ্য সফটওয়্যারে হালনাগাদ নিশ্চিত করণ; | ২৫.১১.২০২৫ | ২৭.১১.২০২৫ | ২৮.১১.২০২৫ |
| **ফিশিং লিংক হতে সাবধান-** মেইল এবং ম্যাসেজ ফিশিং লিংক পাঠিয়ে ICT Awareness যাচাই করা হবে; | -- | -- | |

CamScanner